

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬


স্মারক নং- প্রাশিঅ/১১(নিয়োগ)/প্রাক-প্রাথমিক/সশিনি/২০১৪/২৪২

তারিখঃ ২৬ আশ্বিন ১৪২২  
০৬ অক্টোবর ২০১৫

বিষয়: প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় সংবাদ বিজ্ঞপ্তি প্রচার।

উল্লিখিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য সৃষ্ট সহকারী শিক্ষক নিয়োগ ২০১৪'-এর লিখিত পরীক্ষা আগামী ৩০ অক্টোবর ২০১৫ তারিখ শুক্রবার সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:২০ ঘটিকা পর্যন্ত বগুড়া, নওগাঁ, রাজশাহী, সিরাজগঞ্জ, পাবনা, যশোর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, টাংগাইল, ঢাকা, কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল, দিনাজপুর, রংপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধা জেলায় একযোগে অনুষ্ঠিত হবে। এ সংক্রান্ত একটি সংবাদ বিজ্ঞপ্তি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

২। সংবাদ বিজ্ঞপ্তিটি জরুরীভাবে বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ অন্যান্য প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

  
(মোঃ আনোয়ারুল হক)  
পরিচালক  
(পলিসি ও অপারেশন)  
ফোন-৫৫০৭৪৯১৮

প্রধান তথ্য কর্মকর্তা  
তথ্য মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।